



নিজস্ব লেখা “কবিতা/গল্প”
সংবাদপত্রে প্রকাশিত করতে -
৯০৬২৮৬৭৯২১

এই যুগ

EI YUG

ডাউনলোড
“এই যুগ
অ্যাপ”



এই যুগ এর নিজস্ব ওয়েবসাইট
eiyug.in থেকে ডাউনলোড
করুন “এই যুগ অ্যাপ”

PAGE | পৃষ্ঠা-4 [PRICE | মূল্য-2]

ইন্টারনেট সংস্করণ-eiyug.in PRGI:WBBEN/2020/81746

HOWRAH | হাওড়া • DAILY | দৈনিক • 29 SEPTEMBER 2026, TUESDAY | ২৯ সেপ্টেম্বর ২০২৬, মঙ্গলবার • VOLUME | বর্ষ-6 • ISSUE | সংখ্যা-296

টোটোপাড়ায় বাসিন্দাদের সমস্যা শুনলেন জেলাশাসক



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার জেলার মাদরিহাটের টোটোপাড়ায় বসবাসকারী টোটো জনজাতির মানুষের বিভিন্ন সমস্যা ও এলাকার উন্নয়নের সম্ভাবনা খতিয়ে দেখতে সোমবার টোটোপাড়ায় গেলেন আলিপুরদুয়ার জেলাশাসক ময়ূরী ভাসু-সহ জেলা প্রশাসনের একাধিক আধিকারিক। তাঁদের সঙ্গে ছিলেন পুলিশ সুপার, মুখ্য স্বাস্থ্য আধিকারিক-সহ প্রশাসনের অন্যান্য আধিকারিকরা। এদিন প্রশাসনের আধিকারিকরা টোটোপাড়ার বাসিন্দাদের সঙ্গে কথা বলেন। তাঁদের কাছ থেকে এলাকার বিভিন্ন সমস্যা ও প্রয়োজনের কথা শোনেন জেলাশাসক। বিশেষ করে যোগাযোগ ব্যবস্থা ও সড়ক সংক্রান্ত সমস্যার বিষয়টি বাসিন্দারা প্রশাসনের সামনে তুলে ধরেন। এলাকার উন্নয়নের জন্য কী কী পদক্ষেপ নেওয়া প্রয়োজন, তা নিয়েও প্রশাসনিক আধিকারিকরা স্থানীয়দের সঙ্গে আলোচনা করেন। আলিপুরদুয়ার জেলাশাসক ময়ূরী ভাসু জানান, টোটোপাড়ার বাসিন্দাদের বিভিন্ন সমস্যার কথা তাঁরা শুনেছেন। সমস্যাগুলি চিহ্নিত করে দ্রুত সমাধানের চেষ্টা করা হবে। তিনি বলেন, “এখানকার বাসিন্দাদের সঙ্গে কথা বলে তাঁদের সমস্যার কথা শুনেছি। মূলত যোগাযোগ ব্যবস্থা ও সড়ক সংক্রান্ত সমস্যার কথা তাঁরা জানিয়েছেন। সমস্যাগুলি সমাধানের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে।”

স্কুল পরিবহন নিয়ে স্কুল কর্তৃপক্ষের সাথে বৈঠক কোচবিহার ট্রাফিক পুলিশের



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,২৮ সেপ্টেম্বর : কোচবিহার জেলা ট্রাফিক পুলিশের পক্ষ থেকে সোমবার জেলা পুলিশ কনফারেন্স হলে আয়োজিত হয় স্কুল পড়ুয়াদের পরিবহন ও নিরাপত্তা নিয়ে। উপস্থিত ছিলেন কোচবিহার শহর ও লাগোয়া এলাকার স্কুলগুলির প্রতিনিধিগণ ও ট্রাফিক পুলিশের পদস্থ জেলা আধিকারিকগণ। জানা গেছে এদিন বৈঠকে স্কুল পড়ুয়াদের যাতায়াতের ক্ষেত্রে যেসব গাড়িগুলি ব্যবহার হয় সেগুলির বৈধ অনুমতিপত্র, গাড়িগুলির ফিটনেস, পড়ুয়াদের নিরাপত্তা, ও ট্রাফিক সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা হয়। চালকদের ট্রাফিক আইন মেনে স্কুলের গাড়িগুলি চালানোর পরামর্শ দেওয়া হয়। স্কুল কর্তৃপক্ষকে এসব বিষয় খেয়াল রেখে পড়ুয়াদের পরিবহন করতে বলা হয়েছে। ট্রাফিক পুলিশ সূত্রে জানানো হয় স্কুল পড়ুয়াদের নিরাপত্তার দিক মাথায় রেখে এই কর্মসূচি।

“ভারত শক্তি সপ্তাহ ২০২৭” কলকাতায় আয়োজিত হতে চলেছে বলে জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী



ভাস্কর সেহানবিশ ,এই যুগ ,কলকাতা ,২৮ সেপ্টেম্বর : ২০২৭ সালের ২৮ থেকে ৩১ জানুয়ারি কলকাতায় আয়োজিত হতে চলেছে ‘ইন্ডিয়া এনার্জি উইক ২০২৭’ বা ‘ভারত শক্তি সপ্তাহ ২০২৭’। আজ কলকাতায় এই উপলক্ষে আয়োজিত উদ্বোধনী অনুষ্ঠানে তারই ঘোষণা করলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। আজকের এই উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় পেট্রোলিয়াম ও প্রাকৃতিক গ্যাস মন্ত্রী হরদীপ সিং পুরী, পশ্চিমবঙ্গের শিল্প মন্ত্রী তাপস রায় এবং পশ্চিমবঙ্গের অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত। অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে মুখ্যমন্ত্রী বলেন, ‘ইন্ডিয়া এনার্জি উইক ২০২৭’ এই কর্মসূচি যাতে পশ্চিমবঙ্গে কার্যকর হয়, পূর্বেই প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী তার ইচ্ছা প্রকাশ করেছিলেন। সেই জন্য আমি রাজ্য সরকারের পক্ষ থেকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীজি কে আন্তরিক ধন্যবাদ ও অভিনন্দন জানাচ্ছি। ইতিমধ্যেই উত্তর চব্বিশ পরগনার অশোকনগরে তৈল উত্তোলনের কাজ সফলভাবে শুরু হয়েছে বলেও তিনি উল্লেখ করেন।

পুজোর মুখে পর্যটকদের জন্য হতাশার খবর



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ সেপ্টেম্বর : পুজোর মুখে পর্যটকদের জন্য বড় খবর। বক্সা টাইগার রিজার্ভে বাঘ পুনঃপ্রবর্তন কর্মসূচির কারণে আগামী ৩০ সেপ্টেম্বর থেকে ৩ অক্টোবর পর্যন্ত চার দিন জঙ্গল সাফারি ও পর্যটন কার্যক্রম বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে বন দপ্তর। বক্সা টাইগার রিজার্ভের চিফ কনজারভেটর অফ ফরেস্ট তথা ফিল্ড ডিরেক্টর কুমার বিমল ,আইএফএস এক অফিস অর্ডারের মাধ্যমে এই নির্দেশ জারি করেন। বন দপ্তর সূত্রে জানা গিয়েছে ,এই চার দিন বক্সা টাইগার রিজার্ভের ভিতরে কোনও পর্যটকবাহী গাড়ি প্রবেশ করতে দেওয়া হবে না। ফলে জয়ন্তী, রাজাভাতখাওয়া জঙ্গল সাফারি বন্ধ থাকবে। পুজোর ছুটিতে বক্সা বেড়াতে আসার পরিকল্পনা করা পর্যটকদের জন্য এই সিদ্ধান্ত কিছুটা হতাশার উল্লেখ্য ,বক্সা জঙ্গলে বাঘ পুনঃপ্রবর্তনের প্রক্রিয়া দীর্ঘদিন ধরেই চলছে। বাঘ ছাড়ার প্রস্তুতি ও নিরাপত্তার কথা মাথায় রেখেই এই সাময়িক নিষেধাজ্ঞা জারি করা হয়েছে বলে বন দপ্তর সূত্রে খবর। তবে বন দপ্তরের আশা ,বক্সায় বাঘ ফিরে এলে পর্যটনের ক্ষেত্রে নতুন সম্ভাবনা তৈরি হবে। বাঘকে কেন্দ্র করে আগামী দিনে বক্সা টাইগার রিজার্ভের আকর্ষণ আরও বাড়বে বলেই মনে করছেন বনকর্তারা।

কোহিনুর চা বাগানের শ্রমিকরা জেলা শাসকের সঙ্গে দেখা করলেন




মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ সেপ্টেম্বর : দুর্গা পূজার প্রাক্কালে কোহিনুর চা বাগান বন্ধের আশঙ্কা করছেন শ্রমিকরা। দেড় মাস যাবত শ্রমিকরা বেতন পাচ্ছেন না এরই মধ্যে বোনাস তারা পাবেন কিনা তাদের যথেষ্ট সন্দেহ রয়েছে শ্রমিক মহলের। সোমবার বিজেপির শ্রমিক সংগঠনের পক্ষ থেকে গোট মিটিং এর আয়োজন করা হয়েছে। শ্রমিকদের বেতন নেই অফিস ষ্টাফ বেতন পাচ্ছে না। প্রভিডেন্ট ফান্ডের টাকা কেটে নিলেও তার জমা হচ্ছে না সরকারি দপ্তরে। চিকিৎসা পরিষেবা থেকে শুরু করে কোনরকম পরিষেবা পাচ্ছেন না কোহিনুর চা বাগানের ৮৮৮ জন শ্রমিক। শ্রমিকদের কর্মজীবন শেষ হয়ে গেলেও তাদের বকেয়া পাওনা মিটিয়ে দিচ্ছেন না বাগান কর্তৃপক্ষ। প্রতি বছর দুর্গা পূজার প্রাক্কালে নানা রকম সমস্যা দেয় বাগানে আর এরপরেই বাগান কর্তৃপক্ষ বাগান বন্ধ করে চলে যায় এবারও ঠিক একই পরিস্থিতি এমনটাই বলছেন বিজেপির চা বাগানের শ্রমিক সংগঠনের নেতৃত্বরা। তবে তারা আশাবাদী জেলাশাসক দায়িত্ব নিয়ে কোহিনুর চা বাগানের সমস্যার সমাধান করবেন বাগান কর্তৃপক্ষের সঙ্গে কথা বলে। সোমবার আলিপুরদুয়ারের জেলা শাসক থেকে শুরু করে বিভিন্ন দপ্তরে বাগানের বিভিন্ন সমস্যা নিয়ে লিখিত অভিযোগ দায়ের করবেন তারা এমনটাও জানা গেছে।

চা বাগানের শ্রমিকের আত্মহত্যা



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ সেপ্টেম্বর : বিকাশ ওরাও নামে ৪৪ বছরের ১ ব্যক্তির বুলন্ত দেহ উদ্ধার করল পুলিশ। শামুকতলা থানার পুলিশ সূত্রে জানা গেছে চুনিয়া জোড়া চা বাগানের বিকাশ ওরাও এর বুলন্ত দেহ দেখতে পান তার পরিবারের সদস্যরা সোমবার বেলা বারোটা নাগাদ। এপরেই খবর দেওয়া হয় পুলিশকে পুলিশ দিয়ে তাকে উদ্ধার করে শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসে। চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করে। কি কারণে তিনি আত্মহত্যা করেছেন তাই নিয়ে তদন্ত শুরু হয়েছে পুলিশের। একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা শুরু করেছে পুলিশ। আগামীকাল মঙ্গলবার মৃতদেহ ময়নাতদন্তের জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে পাঠানো হবে।

তৃণমূল ও বিজেপির সমর্থনে আরএসপির প্রধান গঠন



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ সেপ্টেম্বর : গোটা রাজ্যে যখন বিজেপির জয়জয়কার ঠিক সেই সময় বিজেপির দুই পঞ্চায়েত সদস্য এবং তৃণমূলের চারজন পঞ্চায়েত সদস্য আর এসপির দলের পঞ্চায়েত সদস্য হেমলা বর্মণকে সমর্থন করেছেন প্রধান নির্বাচিত হওয়ার ক্ষেত্রে। যদিও আলিপুরদুয়ার দু'নম্বর ব্লকে তুরতুরী গ্রাম পঞ্চায়েত ব্যতীত অন্য কোন গ্রাম পঞ্চায়েতে আরএসপির কোন পঞ্চায়েত সদস্য বিগত পঞ্চায়েত ভোটের জয় লাভ করতে পারেনি। এদিকে আরএসপির প্রধান হওয়ার পরেই তিনি বলছেন জনগণ তাকে চাইছে বিজেপির নেতৃত্বরা বলছেন প্রশাসনিকভাবে প্রধান গঠন হয়েছে আমরা কিছু জানি না তবে তৃণমূল কংগ্রেসের উপপ্রধান বিশ্বজিৎ কেরকাট্টা জানিয়েছেন বোর্ড গঠনে সাতজন উপস্থিত ছিলেন। তৃণমূলের চারজন বিজেপির দুইজন এবং আরএসপি এর একজন। উল্লেখ্য এই গ্রাম পঞ্চায়েতের মোট সদস্য সংখ্যা ১৫ জন। এর মধ্যে তৃণমূলের বার বিজেপির ২ এবং আরএসপি'র একজন রয়েছে। গত কয়েকদিন আগে তৃণমূলের প্রধান গীতা দাস প্রধান পদ থেকে ইস্তফা দিয়েছেন। বিজেপির দুজন পঞ্চায়েত সদস্য তপশিলিপ উপজাতির। প্রধান পদটি তপশিলি জাতির মহিলা দের জন্য সংরক্ষিত ছিল ফলে বিপাকে পড়েছে বিজেপি নেতৃত্ব রা। গোটা রাজ্যে যখন বিজেপির জয়জয়কার ঠিক সেই সময় বিজেপি এবং তৃণমূলের সমর্থন নিয়ে আরএসপির পঞ্চায়েত সদস্য হেমলা বর্মণ প্রধান হয়ে গেলেন।

Contact No: 9836753661

Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine,
Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE
ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL

অবৈধভাবে পাথর পরিবহনের বিরুদ্ধে অভিযানে আটক একটি ডাম্পার ,গ্রেপ্তার চালক



সুকুমার রঞ্জন সরকার ,এই যুগ ,আলিপুরদুয়ার ,২৮ সেপ্টেম্বর : আলিপুরদুয়ার জেলা পুলিশের শামুকতলা থানার অধীন ভাটিবাড়ি আউটপোস্টের পুলিশ সোমবার আউটপোস্টের এলাকাধীন কদমতলা নামক স্থানে রুটিন চেকিং এ পাথর বোঝাই একটি ডাম্পার আটক করে। ডাম্পারের চালক পাথর পরিবহনের জন্য কোনো বৈধ নথিপত্র দেখাতে না পারায় চালককে গ্রেপ্তার করে পুলিশ। ডাম্পারটিকেও আটক করে আউটপোস্টে নিয়ে যাওয়া হয়। পুলিশ জানিয়েছে চালক ও ডাম্পার মালিকের বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ পদক্ষেপ গ্রহন করা হচ্ছে।

উদ্ধার সন্দেহভাজন সোনা, গ্রেপ্তার দুই



নিজস্ব সংবাদদাতা ,এই যুগ ,কোচবিহার ,২৮ সেপ্টেম্বর : কোচবিহার জেলা পুলিশের মাথাভাঙ্গা থানার অন্তর্গত নিশিগঞ্জ আউট পোস্টের পুলিশ কর্মীরা সোমবার নাকা চেকিং পরিচালনার সময় একটি টোটো আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে টোটোতে থাকা দুই ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার হয় সোনার মতো দেখতে আটশো চৌদ্দ গ্রাম ওজনের একটি পদার্থ। এই পদার্থের কোনো বৈধ নথিপত্র এই ব্যক্তির দেখাতে পারেনি। পুলিশ দুজনকেই গ্রেপ্তার করে ও উদ্ধার করা পদার্থ, টোটো ও দুটি মোবাইল ফোন বাজেয়াপ্ত করে। পুলিশ সূত্রে জানা গেছে ধৃত দুজনের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহন করা হয়েছে। উদ্ধার করা পদার্থটি সোনা কিনা তা বিশেষজ্ঞ দিয়ে পরীক্ষা করানো হবে।



Contact No: 9836753661



Graphic Design and Print Work

Desing work : Newspaper ,Magazine, Book ,Flex ,Poster ,Cartoon ,Logo

Publishing work

Publishing work : Newspaper ,Magazine, Book

EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE

ADDs: BANKRA DAKSHIN PALLY ,HOWRAH-711403 ,WEST BENGAL